দৈনিক জনকণ্ঠ

তারিখ 25 MAR 2016
পৃষ্ঠা

# কলেজছাত্রী তনু হত্যার বিচার দাবিতে বিক্ষোভ-সমাবেশ

**জনকণ্ঠ ডেস্ক ॥** কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজের ইতিহাস বিভাগের সম্মান দ্বিতীয় বর্ষের ছাত্রী ও নাট্যকর্মী সোহাগী জাহান তনু হত্যার বিচার দাবিতে বিভিন্ন স্থানে বিক্ষোভ ও সমাবেশ হয়েছে।-খবর স্টাফ রিপোর্টার ও নিজস্ব সংবাদদাতাদের।

**কুমিল্লা ॥** হত্যাকাণ্ডের চার দিন অতিবাহিত হলেও কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজের ইতিহাস বিভাগের সম্মান দ্বিতীয় বর্ষের ছাত্রী ও নাট্যকর্মী সোহাগী জাহান তনুর খুনীদের শনাক্ত করতে পারেনি পুলিশ। এদিকে ওই নৃশংস হত্যার বিচার দাবিতে প্রতিবাদ ও বিক্ষোভে উত্তাল হয়ে উঠেছে কুমিল্লা মহানগরী। মাঠে নেমে এসেছে ভিক্টোরিয়া ও সরকারী মহিলা কলেজের হাজার হাজার শিক্ষার্থীসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের কর্মীরা। বৃহস্পতিবার সকাল থেকেই শিক্ষার্থীরা নগরীতে দফায় দফায় বিক্ষোভ মিছিল শেষে দুপুরে কান্দিরপাড় পূবালী চত্বরে এসে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ করে। পরে তারা জেলা প্রশাসক ও পুলিশ সুপারের নিকট স্মারকলিপি প্রদান করে। জানা যায়, বৃহস্পতিবার দুপুরে শিক্ষার্থীদের প্রতিবাদ সমাবেশে এসে দুঃখ প্রকাশ করে বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার ইমতিয়াজ আহমেদ ও কোতোয়ালি মডেল থানার ওসি আবদুর রব। তারা অবিলম্বে অপরাধীদের শনাক্ত করার আশ্বাস দেন। শিক্ষার্থীদের সঙ্গে সংহতি জানান- সাংস্কৃতিক সংগঠক শহীদুল হক স্বপন, দক্ষিণ জেলা যুবদল সভাপতি আমিরুজ্জামান আমির, দক্ষিণ জেলা ছাত্রদল সভাপতি উৎবাতুল বারী আবু, মহানগর ছাত্রলীগ সভাপতি আবদুল আজিজ সিহানু, ছাত্রলীগ নেতা রোকন উদ্দিন শাওন প্রমুখ। ভিক্টোরিয়া কলেজ থিয়েটারের সাবেক সভাপতি আল-আমিন বলেন, সোহাগী আমাদের সংগঠনের সদস্য ছিল। তার হত্যার বিচার না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে। এদিকে বৃহস্পতিবার বিকেলে জাগ্রত জনতা মঞ্চ প্রতিবাদ সমাবেশ করেছে।

**খুলনা ॥** কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ইতিহাস বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্রী সোহাগী জাহান তনু ধর্ষণ ও হত্যাকাণ্ডের বিচারের দাবিতে বৃহস্পতিবার সকালে খুলনা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের হাদী চত্বরে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে শিক্ষক-শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

**রাবি ॥** কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের স্নাতক (সম্মান) দ্বিতীয় বর্ষের ছাত্রী ও নাট্যকর্মী সোহাগী জাহান তনুকে ধর্ষণের পর গলা কেটে হত্যার সঠিক তদন্ত ও জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) বিক্ষোভ মিছিল ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বেলা ১১টার দিকে রাবির কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে মানববন্ধন করে সাধারণ শিক্ষার্থীরা। একই দাবিতে বেলা সাড়ে ১১টায় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে রাবি ছাত্র ইউনিয়ন।

**ভৈরব ॥** কুমিল্লার ভিক্টোরিয়া কলেজছাত্রী তনু হত্যার প্রতিবাদে ভৈরব রফিকুল ইসলাম মহিলা অনার্স কলেজের শিক্ষক ও ছাত্রীরা বিক্ষোভ মিছিল ও মানব বন্ধন করে। তারা তনু হত্যার সাথে জড়িতদের বিচার দাবি করেন। বৃহস্পতিবার দুপুর ১২টায় স্থানীয় রফিকুল ইসলাম মহিলা কলেজের ছাত্রী ও শিক্ষকরা ঢাকা-সিলেট মহা সড়কের ভৈরবের দুর্জয় মোড় এলাকায় এ কর্মসূচী পালন করেন। এর আগে কলেজ ক্যাম্পাস থেকে একটি বিক্ষোভ মিছিল নিয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।